

Times Today BD

ডেস্ক রিপোর্ট | চট্টগ্রাম | 03 April, 2025

নোয়াখালীর চাটখিলে গলায় ফাঁস দিয়ে এক যুবক আত্মহত্যা করেছে।

বৃহস্পতিবার (৩ জুলাই) বিকেলের দিকে মরদেহ ময়না তদন্তের জন্য ২৫০ শয্যা বিশিষ্ট নোয়াখালী জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়। এর আগে, বুধবার দিবাগত রাতে উপজেলার পাঁচগাঁও ইউনিয়নের ভাওর গ্রামে তার নিজ বাড়ির পাশের একটি নির্মাণাধীন ভবনে সে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে।

নিহত লোকমান হোসেন (৩২) উপজেলার একই গ্রামের কাসেম আলী চৌকিদার বাড়ির আব্দুল জব্বারের ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, ভিকটিম অবিবাহিত ছিলেন। এক গৃহবধুর সাথে দুই বছরের বেশি তার পরকীয়া প্রেমের সম্পর্ক চলছিল। কিছু দিন আগে ওই গৃহবধুর স্বামী বাড়িতে চলে আসে। লোকমান বিষয়টি মানসিক ভাবে মেনে নিতে পারেনি বলে আত্মহত্যা করে। নিহতের স্বজনরা তাকে সকালে ঘরে দেখতে না পেয়ে আশেপাশে খোঁজাখুঁজি শুরু করে। একপর্যায়ে সকাল সাড়ে ৭টার দিকে বাড়ির পাশের নির্মাণাধীন ভবনে তার বুলন্ত লাশ দেখতে পায়।

চাটখিল থানার ওসির দায়িত্বে থাকা পরিদর্শক (তদন্ত) আব্দুস সুলতান বলেন, পরকীয়া বিষয়টি শুনেছি। তবে এ নিয়ে সঠিক কোন তথ্য আমার কাছে নেই। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে মরদেহের সুরতহাল প্রতিবেদন তৈরী করে। দুপুরের দিকে মরদেহ ময়না তদন্তের জন্য ২৫০ শয্যা বিশিষ্ট নোয়াখালী জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

পরকীয়া আত্মহত্যা পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:02

URL: <https://www.timestodaybd.com/chittagong/269714148>